

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১৪

৬/ সফর (أُبْوَابُ السَّفَر)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আর একটি অনুচ্ছেদ।

باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْكِنْدِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، أَخْبَرَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، حَدَّثِنِي سُلَيْمُ بْنُ عَامِرٍ، قَالَ سَمِعْتُ أَبَا أُمَامَةَ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَخْطُبُ فِي حَجَّةِ الْوَدَاعِ فَقَالَ " اتَّقُوا اللَّهَ رَبَّكُمْ وَصَلُّوا خَمْسَكُمْ وَصُومُوا شَهْرَكُمْ وَأَدُّوا زَكَاةَ أَمْوَالِكُمْ وَأَطِيعُوا ذَا أَمْرِكُمْ تَدْخُلُوا جَنَّةَ رَبِّكُمْ ". قَالَ وَصُومُوا شَهْرَكُمْ وَأَدُّوا زَكَاةَ أَمْوالِكُمْ وَأَطِيعُوا ذَا أَمْرِكُمْ تَدْخُلُوا جَنَّةَ رَبِّكُمْ ". قَالَ فَقُلْتُ لأَبِي أُمَامَةَ مُنْذُ كَمْ سَمِعْتَ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم هَذَا الْحَدِيثَ قَالَ سَمِعْتُهُ وَأَنَا ابْنُ ثَلاَثِينَ سَنَةً . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৬১৪. মূসা ইবনু আবদ্র রহমান আল-কৃষী (রহঃ) আবূ উমামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বিদায় হজ্জের খুতবায় বলতে শুনেছিঃ তোমরা আল্লাহকে ভয় করবে, তিনি তো তোমাদের রব। তোমরা পাঁচ ওয়ক্ত সালাত (নামায/নামাজ) আদায় করবে, তোমরা রমযান মাসের সিয়াম পালন করবে, তোমাদের সম্পদের যাকাত দিবে, তোমাদের শাসনকর্তাদের আনুগত্য করবে, তা হলে তোমরা তোমাদের প্রভুর জান্নাতে দাখিল হতে পারবে। রাবী বলেনঃ আমি আবূ উমামা রাদিয়াল্লাহু আনহু কে বললামঃ কতদিন আগে আপনি এই হাদীসটি শুনেছেন? তিনি বললেনঃ আমার বয়স যখন ত্রিশ বছর তখন আমি এই হাদীসটি শুনেছিলাম। - সহিহাহ ৮৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৬১৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ।

English

Sulaim bin Amir narrated:

"I heard Abu Umamah saying: I heard the Messenger of Allah giving a Khutbah during the Farewell Hajj, and he said: 'Have Tagwa of your Lord,



and pray your five (prayers), and fast your month, and pay the Zakat on your wealth, and obey thosewho are in charge of you, you will enter the Paradise of your Lord.'" He said: "I said to Abu Umamah: 'How old were you when you heard this Hadith (from the Messenger of Allah)?' He said: 'I heard it when I was thirty years old.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন